# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/বি/১৫/ময়মন/৩১৫ তারিখ ঃ ১১/১১/২০২৫ খ্রি.

**বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন সনদ**

প্রত্যয়ন করা যাচ্ছে যে, Haileybury Bhaluka, মল্লিকবাড়ি রোড, ভালুকা, ময়মনসিংহ-২২৪০, বাংলাদেশ কে Registration of Private School Ordinance,1962 (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস, আর, ও নং-১৭৩-আইন/২০১৭) এর ধারা ৪ এর উপ-ধারা (২) এর বিধান মোতাবেক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক (IGCSE/0-Level and IB Diploma Programme/A Level) পর্যায়ে ০১/০১/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিবন্ধন প্রদান করা হলো।

**বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে:**

১. শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
২. বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে;
৩. বিধিমালার ৭ ধারা মোতাবেক কমিটি গঠন করতে হবে;
৪. প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা পূর্ণ অনুসরণ করতে হবে;
৫. বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে;
৬. বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণসহ আর্ন্তজাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুযায়ী শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে;
৭. বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীদের কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
৮. বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে;
৯. প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে ২,০০,০০০/- রাখতে হবে, যা বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
১০. শিক্ষার্থীদের ফলাফল মানসম্মত হতে হবে। 0-Level এবং A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি বোর্ডে দাখিল করতে হবে;
১১. পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশসহ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে;
১২. প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে;
১৩. জাতিসংঘ শিশু সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১৪. যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে;
১৫. ন্যূনতম ৪,০০০ টি বইসহ স্বতন্ত্র গ্রন্থাগার, প্রয়োজনীয় সংখ্যক উপকরণসহ স্বতন্ত্র কম্পিউটার ল্যাব ও স্বতন্ত্র বিজ্ঞানাগার থাকতে হবে:
১৬. নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা দিয়ে নিবন্ধন নবায়নের আবেদন করতে হবে;
১৭. শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ০৫/০৬/২০১৭ খ্রি. তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধির অধীন নিবন্ধন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করেন;

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ-
**ড. মোঃ দিদারুল ইসলাম**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রধান শিক্ষক
Haileybury Bhaluka
মল্লিকবাড়ি রোড, মামারিশপুর, ভালুকা, ময়মনসিংহ

**স্মারক নং-** মশিবো/বি/১৫/ময়মন/৩১৫(৮) তারিখ ঃ ১১/১১/২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
৪. পরিচালক/প্রতিষ্ঠাতা, Haileybury Bhaluka, মল্লিকবাড়ি রোড, মামারিশপুর, ভালুকা, ময়মনসিংহ;
৫. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৬. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৭. অফিস কপি।

DIslam
11.11.2025
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।